

সহপাঠীকে মারধরের অভিযোগে বিক্ষুল্ব বুয়েট শিক্ষার্থীদের ঘমুনায় ঘাওয়ার চেষ্টা

সংবাদ অনলাইন রিপোর্ট

: মঙ্গলবার, ২৬ আগস্ট ২০২৫



ডিপ্লোমা প্রকৌশলীদের হাতে এক শিক্ষার্থী হামলা ও হত্যার হ্রাসকারী শিকার হওয়ার ঘটনায় ক্ষুন্ন হয়ে মধ্যরাতে রাজধানী ঢাকার ইন্টারকন্ট্রিনেটেল হোটেলের সামনে অবস্থান নিয়েছেন বুয়েটের একদল শিক্ষার্থী।

সোমবার দিবাগত রাত পৌনে ২টার দিকে শাহবাগ মোড় হয়ে প্রধান উপদেষ্টার বাসভবন ঘমুনার দিকে মিছিল নিয়ে এগোতে চাইলে সাকুরা মোড়ে পুলিশের ব্যারিকেডে থামেন শিক্ষার্থীরা। এ সময় তারা 'লেগেছে রে লেগেছে, রক্তে আগুন লেগেছে', 'রক্তের বন্যায় ভেসে যাবে অন্যায়'সহ বিভিন্ন স্লোগান দেন।

সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের এক শিক্ষার্থী জানান, বুয়েটের ট্রিপলই ১৭ ব্যাচের শিক্ষার্থী রোকনকে ডিপ্লোমা টেকনিশিয়ানরা উপসহকারী প্রকৌশল দপ্তরে জিম্মি করে রেখে হত্যার হ্রাসকারী দিয়েছে। তিনি অভিযোগ

করেন, “শুধুমাত্র তাদেরকে টেকনিশিয়ান বলায় কেন বড় ভাইকে হত্যার হুমকি দেওয়া হলো—আমরা এ ব্যাপারে দ্রুত সমাধান চাই।”

আরেক শিক্ষার্থী বলেন, হামলাকারীদের বিরুদ্ধে ১২ ঘণ্টার মধ্যে আইনানুগ ব্যবস্থা নিতে হবে।

এ বিষয়ে রমনা থানার ওসি গোলাম ফারুক বলেন, “শিক্ষার্থীরা কী কারণে আন্দোলন করছে, তা জানার চেষ্টা করছি।”

এর আগে ন্যূনতম বিএসসি ডিগ্রি ছাড়া নবম গ্রেডে কোনো ইঞ্জিনিয়ার পদে নিয়োগ না দেওয়ার দাবিসহ ৩ দফা দাবি নিয়ে ২৪ থেকে ২৬ আগস্ট পর্যন্ত সব ধরনের ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছিলেন বুয়েট শিক্ষার্থীরা।